গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ
(সংস্থাপন শাখা)
www.chapainawabganj.gov.bd

নম্বর-০৫.৪৩.৭০০০.০০৭.১১.০০৪.২৬.৪৪৯

তারিখঃ ০৭ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী গবেষণা ইউনিট এর ১০ জুন ২০২৬ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.০০০.২১২.১১.০০০৩.২৬.২১ নম্বর এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের সওব্য-১৬ শাখার ০১ আগস্ট ২০২৬ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.০০০.২১২.১১.০০০৩.২৬.৭০ নম্বর স্মারকে প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ ও এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ এবং সার্কিট হাউজের সাধারণ প্রশাসনের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে প্রচলিত নিয়োগ বিধি অনুযায়ী নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত চাঁপাইনবাবগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে Online-এ (https://dcchnganj.teletalk.com.bd) আবেদন আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না:

| ক্র. নং | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০২৬ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>(গ্রেড-১৬)<br>বেতনস্কেল: ২১,৯০০-৫২,৯০০/- | ০৪ (চার) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষর গতি প্রতি মিনিটে বাংলায় সর্বনিম্ন ২০ শব্দ ও ইংরেজিতে সর্বনিম্ন ২০ শব্দ হতে হবে। |
| ০২. | সার্টিফিকেট সহকারী<br>(গ্রেড-১৬)<br>বেতনস্কেল: ২১,৯০০-৫২,৯০০/- | ০১ (এক) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষর গতি প্রতি মিনিটে বাংলায় সর্বনিম্ন ২০ শব্দ ও ইংরেজিতে সর্বনিম্ন ২০ শব্দ হতে হবে। |
| ০৩. | বেঞ্চ সহকারী<br>(গ্রেড-১৬)<br>বেতনস্কেল: ২১,৯০০-৫২,৯০০/- | ০১ (এক) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষর গতি প্রতি মিনিটে বাংলায় সর্বনিম্ন ২০ শব্দ ও ইংরেজিতে সর্বনিম্ন ২০ শব্দ হতে হবে। |
| ০৪. | অফিস সহায়ক<br>(গ্রেড-২০)<br>বেতনস্কেল: ২০,০০০-৪৮,৪০০/- | ০৫ (পাঁচ) টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৫. | পরিচ্ছন্নতা কর্মী<br>(গ্রেড-২০)<br>বেতনস্কেল: ২০,০০০-৪৮,৪০০/- | ০৫ (পাঁচ) টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৬. | বেয়ারার (সার্কিট হাউজ)<br>(গ্রেড-২০)<br>বেতনস্কেল: ২০,০০০-৪৮,৪০০/- | ০১ (এক) টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

০২। আবেদন ফর্ম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:

(ক) নিয়োগ পরীক্ষায় চূড়ান্তভাবে নির্বাচিত এবং যোগদানকৃত প্রার্থীদের বেতন ও ভাতাদি **'চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০২৬'** এর ১০ নং অনুচ্ছেদে বর্ণিত বিধান সাপেক্ষে প্রদেয় হবে।

(খ) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও চাঁপাইনবাবগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

(গ) সকল পদের প্রার্থীর ক্ষেত্রেই ০১.০৯.২০২৬ খ্রি. তারিখে বয়সসীমা ১৮-৩২ বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(ঘ) আবেদনকারীকে চাকুরির আবেদন ফর্মে (Applicant's Copy) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতাসহ সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায় নির্বাচিত হলে চাকরির আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার সুযোগ থাকবে না। এছাড়াও অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীকালে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোনো বৈধ সুযোগ-সুবিধা দাবি করলে তা গ্রহণযোগ্য হবে না।

(ঙ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকুরিরত/বিভাগীয় প্রার্থীদের সকল শর্ত পূরণসাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Status- এ স্ব স্ব Option Select করতে হবে। অন্যান্য প্রার্থীদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি (NOC) পত্রের মূলকপি জমা দিতে হবে।

(চ) নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটা পদ্ধতি, নীতিমালাসহ সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(ছ) এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত সকল শূন্য পদ পূরণে 'জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা ২০২০ (সংশোধনী ২০২৪)' অনুসরণ করা হবে।

(জ) একজন প্রার্থী উপরিউক্ত পদের যে কোনো ০১ (এক) টিতে আবেদন করতে পারবেন।

(ঝ) কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি সংশোধন ও বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

(ঞ) নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। আবেদনকারীগণকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

**০৩। অনলাইনে আবেদনপত্র পূরণসংক্রান্ত শর্তাবলি:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ https://dcchnganj.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৪.০৯.২০২৬ খ্রি.সকাল ১০:০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৪.১০.২০২৬ খ্রি. বিকাল ৪:০০ টা।

iii. উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে যেকোন Teletalk Pre-paid মোবাইল নম্বর হতে এসএমএস-এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন

(খ) Online আবেদনপত্রে আবশ্যিকভাবে প্রার্থী তার সম্প্রতি (আবেদন দাখিলের এক মাস পূর্ব পর্যন্ত) তোলা রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে-কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাবে। আবেদন Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy-তে যদি কোনো ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে, তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধনের সুযোগ থাকবে না। তাই, আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's copy-তে প্রার্থীর সদ্য তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর রয়েছে মর্মে নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোডপূর্বক রঙিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে-কোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ০১, ০২ ও ০৩ নম্বর ক্রমিকের পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও টেলিটক-এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ) ১২/- (বারো) টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা (অফেরতযোগ্য); ০৪, ০৫ ও ০৬ নম্বর ক্রমিকের পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটক-এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ) ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ ঘণ্টার মধ্যে জমা দিবেন। তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটক-এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ) ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ ঘণ্টার মধ্যে জমা

দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS:** DCCHNGANJ <Space>User ID লিখে 16222 নম্বরে send করতে হবে।
Example: DCCHNGANJ ABCDEF
Reply (ক্রমিক নম্বর ০১ হতে ০৩ নম্বর পদের জন্য): Applicant's Name, Tk. 112 will be charged as application fee. Your PIN is xxxxxxxxxx. To pay fee Type DCCHNGANJ <Space>Yes<Space>PIN and send to 16222.
Reply (ক্রমিক নম্বর ০৪ হতে ০৬ নম্বর পদের জন্য)/ক্রমিক নম্বর ০১ হতে ০৬ নম্বরের জন্য সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের) প্রার্থীরা: Applicant's Name, Tk. 56 will be charged as application fee. Your PIN is xxxxxxxxxx. To pay fee Type DCCHNGANJ <Space>Yes<Space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** DCCHNGANJ <Space>YES<Space>PIN লিখে 16222 নম্বরে send করতে হবে।
Example: DCCHNGANJ YES ×××××××× and send to 16222.
Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for DCCHNGANJ Application for post ×××××××× User ID is (ABCDEF) and Password (××××××××).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://dcchnganj.teletalk.com.bd অথবা জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ এর Website: https://chapainawabganj.gov.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে, বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে যথাযথ অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে প্রার্থী পরবর্তীকালে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্যসংবলিত প্রবেশপত্র Download পূর্বক Print (রঙিন) করে নেবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন:

i. User ID জানা থাকলে: DCCHNGANJ<Space>Help<Space>User<Space>User ID & send to 16222.
Example: DCCHNGANJ Help User ABCDEF
ii. PIN Number জানা থাকলে: DCCHNGANJ<Space>Help<Space>PIN<Space>PIN Number & send to 16222.
Example: DCCHNGANJ Help PIN 12345678 and send to 16222.

(ঝ) পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ এর ওয়েবসাইট https://chapainawabganj.gov.bd-এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য দেখা যাবে। এছাড়া, QR Code স্ক্যান-এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ও https://dcchnganj.teletalk.com.bd ওয়েবসাইট সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে 121 নম্বরে ফোন করে তথ্য জানা যাবে অথবা alljobs.query@teletalk.com.bd ঠিকানায় ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া, টেলিটকের জবপোর্টাল-এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk-এ মেসেজ-এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ-এর Subject-Organization Name: DCCHNGANJ, Post Name, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

**৪। মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে:**

(ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy)।

(খ) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও অভিজ্ঞতার যথাযথ সনদসমূহের (প্রযোজ্য ক্ষেত্রে) মূলকপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

(গ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ডের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক, পৌরসভা এবং সিটি কর্পোরেশনের মেয়র/প্রশাসক অথবা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(ঘ) জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্ম নিবন্ধন সনদের মূল কপি অবশ্যই মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

(ঙ) কোটা দাবির সমর্থনে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি।

(চ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠি প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসক এর দপ্তর কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠি পরিচয়পত্র বিষয়ক সনদপত্র।

(ছ) সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি (NOC) পত্রের মূলকপি জমা দিতে হবে। (প্রযোজ্য ক্ষেত্রে)।

(জ) এছাড়াও পূরণকৃত Application Form সহ সকল সনদপত্র ও অন্যান্য কাগজপত্রের সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবিযুক্ত সিল থাকতে হবে।

৫। নির্দিষ্ট কোটায় নিয়োগের জন্য আবেদনের ক্ষেত্রে প্রার্থী তার দাবির স্বপক্ষে সরকার নির্ধারিত সনদপত্র/প্রমাণক মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে না পারলে তার দাবি অগ্রাহ্য বলে গণ্য হবে এবং তিনি সাধারণ প্রার্থী হিসেবে বিবেচিত হবেন। কোটায় নিয়োগের সুপারিশের জন্য প্রার্থীদের সনদ/প্রমাণক বিবেচনা/গ্রহণের ক্ষেত্রে সাক্ষাৎকার বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক যাচাইয়ে উক্ত সনদ সঠিক বলে প্রমাণিত হতে হবে।

৬। নিয়োগের ব্যাপারে কোনো প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবে না।

৭। এ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি এমন কোনো বিষয় ভবিষ্যতে পরিলক্ষিত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

** **শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।**

জেলা প্রশাসকের কার্যালয় চাঁপাইনবাবগঞ্জের ওয়েবসাইটে প্রবেশের QR Code

টেলিটক পোর্টালে প্রবেশের QR Code

22.09.26

(আবু ছালেহ মোঃ মুসা জঙ্গী)
জেলা প্রশাসক
চাঁপাইনবাবগঞ্জ
ফোন-০২৫৮৮৮৯৩৩০০ (অফিস)
E-mail: dcchapainawabganj@mopa.gov.bd

নম্বর-০৫.৪৩.৭০০০.০০৭.১১.০০৪.২৬.৪৪৯

তারিখঃ ০৭ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী
০৫। জেলা প্রশাসক (সকল)
০৬। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ
০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ
০৮। সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ
০৯। উপপরিচালক, স্থানীয় সরকার, চাঁপাইনবাবগঞ্জ
১০। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/(উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ
১১। উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল/ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ। তাঁকে নিয়োগ বিজ্ঞপ্তিটি তার নোটিশ বোর্ডে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১২। নেজারত ডেপুটি কালেক্টর, চাঁপাইনবাবগঞ্জ
১৩। সহকারী কমিশনার (ভূমি), চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল/ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ। তাঁকে নিয়োগ বিজ্ঞপ্তিটি তার নোটিশ বোর্ডে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৪। জেলা শিক্ষা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ
১৫। সহকারী কমিশনার (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
১৬। জেলা তথ্য অফিসার, চাঁপাইনবাবগঞ্জ (নিয়োগ বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১৭। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চাঁপাইনবাবগঞ্জ
১৮। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, ঢাকা
১৯। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ। তাকে নিয়োগ বিজ্ঞপ্তি জেলা প্রশাসকের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
২০। উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল/ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
২১। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার,..........................................। তাকে নিয়োগ বিজ্ঞপ্তিটি ..................তারিখ তাঁর পত্রিকায় ০১ (এক) দিনের জন্য সংক্ষিপ্ত পরিসরে প্রকাশনার জন্য এবং প্রকাশনার পর পত্রিকার কপি ও প্রকাশনা বাবদ বিল যথাসময়ে এ কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
২২। ওয়েব সাইট/নোটিশ বোর্ড।

22.09.26
জেলা প্রশাসক
চাঁপাইনবাবগঞ্জ